

জনতা ব্যাংক লিমিটেড  
ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট  
প্রধান কার্যালয়, ঢাকা

ফোন: ৯৫৬৫৩৮৫, ৯৫৫১৭২৬

প্রচার বিজ্ঞপ্তি নং-২৩৬/১৭

তারিখঃ ২০/০৪/২০১৭ ইং  
০৭ বৈশাখ ১৪২৪

সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক  
স্থানীয় কার্যালয়/বিভাগীয় অফিস/এরিয়া অফিস  
সকল কর্পোরেট শাখা/ সকল শাখা ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ।

বিষয়ঃ- জনাব শেখ মোজ্জার হোসেন, সিনিয়র অফিসার (এসও-৯২৩৮), জনতা ব্যাংক লিমিটেড, এরিয়া অফিস, কুষ্টিয়া এর উভয় কিডনি বিকল হওয়ার কারণে চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্তে ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মানবিক কারণে আর্থিক সহায়তা প্রদানের আহবান জানিয়ে এক দিনের লাঞ্চ সাবসিডি প্রদান প্রসংগে।


প্রিয় মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জনতা ব্যাংক লিমিটেড, এরিয়া অফিস, কুষ্টিয়া এর সিনিয়র অফিসার জনাব শেখ মোজ্জার হোসেন (এসও-৯২৩৮) দীর্ঘদিন যাবৎ কিডনী রোগে আক্রান্ত। বর্তমানে তাঁর দুটো কিডনী ডায়েলিসিস হয়ে গেছে বিধায় অভিজ্ঞ ডাক্তারের পরামর্শ মোতাবেক জরুরী ভিত্তিতে কিডনী ট্রান্সপ্লান্ট (প্রতিস্থাপন) ছাড়া তাঁর আর কোন বিকল্প চিকিৎসা নেই। অত্যন্ত ব্যয়বহুল এ চিকিৎসা করতে প্রায় ২৫(পঁচিশ) লক্ষ টাকার মত খরচ হবে যা তাঁর নিজের ও পরিবারের আত্মীয় স্বজনদের আর্থিক ক্ষমতার বাইরে। তিনি আরও উল্লেখ করেছেন ২০১৫ইং সালে তাঁর স্ত্রী দূরারোগ্য ব্রেস্ট ক্যান্সারে আক্রান্ত হওয়ায় আত্মীয় স্বজন সহ তাঁর যতটুকু সম্পদ ছিল তা স্ত্রীর চিকিৎসায় ব্যয় হয়ে যাওয়ায় নিজের চিকিৎসার জন্য কোন অর্থ বা সম্পদ অবশিষ্ট নাই। ফলে তিনি মাননীয় সিইও এন্ড এমডি মহোদয় বরাবরে আর্থিক সাহায্যের আবেদন করেন।

এরূপ সংকটময় পরিস্থিতিতে কেবলমাত্র অত্র ব্যাংকের বিপুল সংখ্যক সহকর্মীদের মানবিক সাহায্যের দ্বারা উন্নত চিকিৎসায় বেঁচে যেতে পারে একজন সহকর্মীর জীবন।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের সর্বস্তরের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে স্বেচ্ছায় এক দিনের লাঞ্চ সাবসিডি অথবা সম্ভব হলে তার চেয়ে বেশী পরিমাণ আর্থিক সাহায্য তাঁর সঞ্চয়ী হিসাব নং-০০৮১০৩১এস০০৩৩৬১, নাম- শেখ মোজ্জার হোসেন, জনতা ব্যাংক লিমিটেড, কুষ্টিয়া কর্পোরেট শাখা, কুষ্টিয়া এর মাধ্যমে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

  
শাহিদুল আলম  
উপ-মহাব্যবস্থাপক

  
মো: সাজেদুর রহমান  
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ

- ১। কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পিএসটি, সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সিনিয়র কনসালট্যান্টবৃন্দের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। মহাব্যবস্থাপকবৃন্দের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, স্থানীয় কার্যালয়, জনতা ভবন কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় ঢাকা-উত্তর, ঢাকা-দক্ষিণ, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রংপুর, বরিশাল, কুমিল্লা, ময়মনসিংহ ও ফরিদপুর।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। চীফ এক্সিকিউটিভ অফিসার, জনতা ব্যাংক লিমিটেড, সংযুক্ত আরব আমিরাত।